যুগান্তর

তারিখ 22 DEC 2015
পৃষ্ঠা ১৬ কলাম ৫

# ৩১ মাদ্রাসায় ফাজিল অনার্সে আবেদনের সময় বেড়ে ২০ জানুয়ারি

যুগান্তর রিপোর্ট

ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়ের অধীন ৩১টি মাদ্রাসায় ফাজিল অনার্স প্রথম বর্ষে ভর্তির আবেদনের সময় ২০ জানুয়ারি পর্যন্ত বাড়ানো হয়েছে। বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে সোমবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, ফাজিল অনার্সে ভর্তিচ্ছু সব ছাত্রছাত্রীর ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্য সংশ্লিষ্ট মাদ্রাসা এবং ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.iau.edu.bd) পাওয়া যাবে। যেসব মাদ্রাসায় অনার্স প্রোগ্রাম রয়েছে সেগুলো হচ্ছে— ঢাকার সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, দারুন নাজাত সিদ্দিকিয়া কামিল মাদ্রাসা, কাদেরিয়া তৈয়্যেবিয়া কামিল মাদ্রাসা ও তা'মিরুল মিল্লাত কামিল মাদ্রাসা। চট্টগ্রামের জামেয়া আহমদিয়া সুন্নিয়া কামিল মাদ্রাসা, রাঙ্গুনীয়া আলমশাহপাড়া কামিল মাদ্রাসা, কাগতিয়া এশাতুল উলুম কামিল মাদ্রাসা, নেছারিয়া কামিল মাদ্রাসা, দারুল উলুম কামিল মাদ্রাসা, ছিপাতলী জামেয়া গাউছিয়া মুঈনীয়া কামিল মাদ্রাসা ও চট্টগ্রামের ছোবহানিয়া কামিল মাদ্রাসা। সিলেটের সরকারি আলিয়া মাদ্রাসা, বাদে দেওরাইল ফুলতলী কামিল মাদ্রাসা ও হযরত শাহজালাল দারুচ্ছুন্নাহ ইয়াকুবিয়া কামিল মাদ্রাসা। কক্সবাজারের ইসলামিয়া মহিলা কামিল মাদ্রাসা ও আদর্শ মহিলা কামিল মাদ্রাসা।